



স্মারক:নোবিপ্রবি/রিসার্চসেল/২০২১/৩৫৫

তাং- ০১ মার্চ ২০২১

গবেষণা স্বীকৃতি পুরস্কার ২০২০

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, নোবিপ্রবি শিক্ষক/গবেষকদের গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য স্বীকৃতি স্বরূপ নিম্নলিখিত ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক্যাটাগরি গুলো ৪-

1. Best Researcher Award
2. Most Prodctive Researcher Award
3. Highest publishing Scholar Award
4. Research Contribution Award

আগ্রহীদের সংযুক্ত নীতিমালার শর্তপূরণ সাপেক্ষে ০১ মার্চ ২০২১ হতে ১২ মার্চ ২০২১ইং এর মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের জন্য নির্দিষ্ট ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। পূরণকৃত আবেদনটি সরাসরি রিসার্চ সেল অফিসে বা ইমেইলে - (publicationaward@gmail.com) প্রেরণ করতে হবে।

ধন্যবাদান্তে

ড. মোহাম্মদ বেলাল হোসেন

পরিচালক (ভারপ্রাপ্ত)

রিসার্চ সেল

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. ইনস্টিটিউটে সমূহের পরিচালক ও সকল বিভাগীয় চেয়ারম্যান (সকল শিক্ষকগণকে অবহিতকরণসহ)।
২. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দফতর।
৩. ব্যক্তিগত কর্মকর্তা, কোষাধ্যক্ষ মহোদয়ের দফতর।
৪. ব্যক্তিগত কর্মকর্তা, রেজিস্ট্রার মহোদয়ের দফতর।
৫. নথি।

গবেষণা পুরস্কার সংক্রান্ত শর্ত/নীতিমালাঃ-

নিম্ন লিখিত ক্যাটাগরিতে গবেষণা পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

1. Best Researcher Award
2. Most Productive Researcher Award
3. Highest publishing Scholar Award
4. Research Contribution Award

১. আবেদনকারী নোবিপ্রবির পূর্ণকালীন শিক্ষক/গবেষক হতে হবে। শিক্ষাছুটি বা দীর্ঘ মেয়াদী ছুটিতে থাকা কেউ আবেদন করতে পারবে না।
২. প্রকাশনাগুলো SCOPUS/SCI/SSCI/WoS ইনডেক্সড হতে হবে। প্রকাশনায় আবেদনকারীকে প্রথম অথবা করেসপন্ডিং অথার হতে হবে এবং প্রকাশনাগুলো নোবিপ্রবি এফিলিয়েটেড হতে হবে।
৩. আবেদনকারীর Google Scholar & Research Gate প্রোফাইল থেকে h-index ও সাইটেশন সংখ্যা উল্লেখ করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর প্রোফাইল অবশ্যই আপডেট থাকতে হবে।
৪. শুধুমাত্র আন্তর্জাতিক স্বীকৃত Clarivate Analytics কর্তৃক প্রণীত Journal Citation Report এর ইম্প্যাক্ট ফ্যাক্টর বিবেচ্য হবে।
৫. বিগত এক বছরের (জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত) প্রকাশনা ও সাইটেশন সংখ্যা বিবেচনা করা হবে। প্রকাশনার তারিখের ক্ষেত্রে প্রথম অনলাইনে প্রকাশের তারিখ গন্য হবে।

বিভিন্ন ক্যাটাগরির পুরস্কার প্রদানে বিবেচ্য বিষয়সমূহঃ

১. Best Researcher Award : বিগত এক বছরের মোট ইম্প্যাক্ট ফ্যাক্টর, সাইটেশন, প্রকাশনা ও প্রাপ্ত ফান্ডেড গবেষণা প্রকল্পের সংখ্যা বিবেচনা নিয়ে এই পুরস্কারটি প্রদান করা হবে।
২. Most Productive Researcher Award : নোবিপ্রবিতে যোগদানের পর থেকে প্রকাশিত আর্টিকেল বিবেচনায় নিয়ে ও h-index এর উপর ভিত্তি করে এই পুরস্কার প্রদান করা হবে। এই ক্ষেত্রে প্রকাশিত প্রবন্ধে Corresponding অথবা First Author হওয়ার শর্ত প্রযোজ্য নয়।
৩. Highest Publishing Scholar Award : বিগত এক বছরে সর্বোচ্চ সংখ্যক আর্টিকেল প্রকাশকারীকে এই পুরস্কারের জন্য মনোনীত করা হবে।
৪. Research Contribution Award : যেসব প্রভাষক/সহকারী অধ্যাপক বিগত এক বছরে অন্তত তিনটি এবং সহযোগী অধ্যাপক /অধ্যাপকের ক্ষেত্রে পাঁচটি প্রবন্ধ/আর্টিক্যাল প্রকাশ করেছেন তারা এই পুরস্কারের জন্য মনোনীত হবেন।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Website : www.nstu.edu.bd



“শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

রিসার্চ সেল

Research Cell